দেশের সব আন্দোলন আনসার-ভিডিপি অংশ নিয়েছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৯৭১ এর ৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যখন সবাইকে স্বাধীনতা সংগ্রামে ঝাপিয়ে পড়ার আহ্বান জানান, তখন আনসার-ভিডিপির সদস্যরাও মুক্তির সে সংগ্রামে অংশ নেন। শুধু তাই নয়, তারা মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ও অস্ত্রও দেন। মুক্তিযুদ্ধসহ দেশের সব আন্দোলন-সংগ্রামে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (ভিডিপি) অংশ নিয়েছে।

বৃহস্পতিবার (১১ ফেব্রুয়ারি) সকাল ১১টায় টাঙ্গাইলের সফিপুরে আনসার-ভিডিপি একাডেমিতে আয়োজিত আনসার-ভিডিপির ৪১তম জাতীয় সম্মেলনে গণভবন থেকে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ‘মুজিববর্ষের উদ্দীপন, আনসার-ভিডিপি আছে সারাক্ষণ’-এ স্লোগানটিকে মূলমন্ত্র হিসেবে গ্রহণ করে বাল্যবিয়ে বন্ধ ও মাদক নির্মূলসহ বিভিন্ন কাজে গুরুত্বপূর্ণ অবদান রাখছে বলেও এসময় উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

তিনি আরও বলেন, ২০১৪ সালে নির্বাচন ঠেকানোর নামে বিএনপি-জামায়াত যখন আগুন সন্ত্রাস চালিয়ে মানুষ হত্যা করেছিল, রেললাইন তুলে মানুষ হত্যার চেষ্টা করেছিল, সে পরিস্থিতি মোকাবিলায় আনসার-ভিডিপি সদস্যদের মোতায়েন করা হয়। তারা তখন সফলভাবে এ অগ্নিসন্ত্রাস মোকাবিলা করেন।

ভেড়ামারাকে আধুনিক পৌরসভা

হিসেবে গড়ে তোলার ঘোষণা নির্বাচিত মেয়র টুটুলের

কুষ্টিয়ার ভেড়ামারা পৌরসভাকে আধুনিক পৌরসভা হিসেবে গড়ে তোলার ঘোষণা দিয়েছেন নব নির্বাচিত পৌর মেয়র আনোয়ারুল কবির টুটুল। এজন্য তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত সবার সহযোগিতা চেয়েছেন তিনি।

বুধবার বিকালে পৌর ভবনে ৩নং ওয়ার্ডের আয়োজনে নব নির্বাচিত মেয়রকে সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, অর্থনীতি, শিল্প-সাহিত্য, সংস্কৃতি থেকে সবক্ষেত্রেই সমৃদ্ধ এই কুষ্টিয়া জেলা। আর এসব ঐতিহ্যের ধারক ও বাহক ভেড়ামারা উপজেলা। এজন্য ঐতিহ্যের সমন্বয়ে আধুনিকভাবে গড়ে তোলা হবে এই ভেড়ামারা পৌরসভাকে। আমরা একটি পরিকল্পনা হাতে নিয়েছি। আমাদের কাউন্সিলরদের সাথে নিয়ে এবং সাধারণ নাগরিকদের মতামতকেও গুরুত্ব দিয়ে কর্ম পরিকল্পনা সাজানো হবে।

পৌরসভার নীতিমালা অনুযায়ী ভেড়ামারা পৌরভবন পরিচালিত হবে উল্লেখ করে নবনির্বাচিত মেয়র বলেন, ভেড়ামারা পৌরসভা হবে নাগরিক সুবিধা সম্বলিত জনবান্ধব আধুনিক পৌরসভা। দেশের মধ্যে সেরা পৌরসভা হিসাবে গড়ে তুলতে সর্বোচ্চ চেষ্টা চলমান থাকবে।

রেজাউল ইসলামের সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন, কেন্দ্রীয় জাসদের সাংগঠনিক সম্পাদক ও জেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আলিম স্বপন, উপজেলা জাসদের সাধারণ সম্পাদক এসএম আনছার আলী, পৌর জাসদের সাধারণ সম্পাদক আবু হেনা মোঃ কামাল মোস্তফা বকুল, কাউন্সিলর নাইমুল ইসলাম, সোলাইমান মাস্টার, আসাদুজ্জামান টমা, নজরুল ইসলাম নজু, রেনু খাতুন, রোজী হাসান, রোকোয়া খাতুন, সাইদুর রহমান, লাল মোহাম্মদ লালু, সাজেদুর রহমান, সোহাগ জোয়ার্দার শাপলা, সুজন বিশ্বাস প্রমুখ।

এর আগে নব নির্বাচিত মেয়র আনোয়ারুল কবির টুটুলকে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করেন ওয়ার্ডবাসী।

প্রসঙ্গত, জাসদ সমর্থিত মশাল প্রতীক নিয়ে চলতি বছরের ১৬ জানুয়ারি পৌরবাসীর প্রত্যক্ষ ভোটে তিনি মেয়র নির্বাচিত হন। গেলো মঙ্গলবার খুলনা বিভাগীয় কমিশনার কার্যালয়ে মেয়র ও কাউন্সিলরদের

নিয়ে শপথ বাক্য পাঠ করেন।

মেহেরপুরে শ্রী শ্রী রটন্তী কালী পূজার উদ্ভোধন

শীতের আগমণে প্রকৃতি শান্ত সাজে সজ্জিত। এমনই এক স্নিগ্ধি পরিবেশে ৫ দিন ব্যাপী দ্বিতীয়বারের মত প্রতিমা স্থাপন, পূজা, প্রসাদ বিতরণ, ঢাক, ঢোল,প্রদিপ জালিয়েও নানান আয়োজনে আমঝুপি শ্মশানঘাট মন্দিরে অনুষ্ঠিত হয়েছে শ্রী শ্রী রটন্তী কালী পূজা।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে শ্রী শ্রী রাধা মধাব মন্দির হতে শ্মশানঘাট পর্যন্ত শোভাযাত্রার মাধ্যমে শ্রী শ্রী তারকব্রক্ষ মহানাম যজ্ঞানুষ্টানের উদ্বোধন করা হয়।

এ সময় অনিল গোঁসাই এর সভাপতিত্বে অনুষ্ঠানে মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি ও পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মঙ্গল প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,বাড়িবাঁকা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্তী,আমঝুপি শ্মশানঘাট পূজা কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার সহ গ্রামবাসীরা উপস্থিত ছিলেন।

আগামী ১৪ ফেব্রয়ারি প্রতিমা বিসর্জনের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্ত হবে বলে জানা যায়।

জিয়াউর রহমানের পাকা ঘর ও মুদি দোকানের উদ্বোধন করলেন জেলা প্রশাসক -চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার সদরের বড়শলুয়া গ্রামের জিয়াউর রহমানের পাকা ঘর ও মুদি দোকানের উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বুধবার ১০ ফেব্রুয়ারী বিকাল ৫ টার সময় পাকা ঘর ও মুদির দোকানের উদ্বোধন করেন তিনি।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ সাদিকুর রহমানের সভাপত্বিতে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেরন চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন তিতুদহ ইউনিয়নের প্রশাসক আঃ হান্নান প্রথম আলোর চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ আলম সনি ।

এছাড়াও উপস্থিত ছিলেন বেগমপুর ইউনিয়নের তরুন সমাজসেবক শামীম হোসেন মিজি ভালবাসার বন্ধনের সাধারণ সম্পাদক মিয়া নুর নবী সুমন সাংগঠনিক সম্পাদক আইনাল হক দপ্তর সম্পাদক আসাবুল হক বেগমপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক শাহীন আহম্মেদ তিতুদহ ইউনিয়নের শিক্ষানুরাগী ব্যক্তি ফারুখ হোসেন সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

কোটচাঁদপুর পল্লীতে তথ্যসেবা’র উঠান বৈঠক অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয় এবং জাতীয় মহিলা সংস্থার আওতায় ‘তথ্য আপা’ প্রকল্পের ডিজিটাল বাংলাদেশ গড়ার

লক্ষ্যে তথ্য যোগাযোগা প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন ও বাস্তবায়নে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে উপজেলা তথ্য আপা কেন্দ্রের আয়োজনে উপজেলার সাফদারপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নে উঠান বৈঠকে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ মহসিন আলী।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, তথ্য সেবা সহকারি মমতাজ খাতুন, শারমিন আক্তার, সাংবাদিক এস.এম রায়হান উদ্দীন, অফিস সহায়ক আফসানা খাতুন সহ তথ্য আপা সেবার সুবিধাভোগী গ্রামের সুবিধা বঞ্চিত নারীরা।

আলমডাঙ্গায় নির্বাচনী সভায় দীলিপ কুমার আগরওয়ালা

আলমডাঙ্গা পৌর সভা নির্বাচন উপলক্ষে ঢাকা কেন্দ্রীয় আওয়ামীলীগের উপ-কমিটির শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক শিল্পপতি দীলিপ কুমার আগরওয়ালা আলমডাঙ্গা পৌর এলাকায় নৌকার পক্ষে নির্বাচনী সভা করেন।

গতকাল বিকেল ৫ টারদিকে টকিজ সিনেমা হলের পাশে ক্যানেল পাড়ায় নির্বাচনী পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় আওয়ামীলীগের উপ-কমিটির, শিল্প ও বানিজ্য বিষয়ক সম্পাদক শিল্পপতি দীলিপ কুমার আগরওয়ালা।

তিনি বলেন এটা ভাষা দিবসের মাস,এই মাসে বাঙলা ভাষার জন্য বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছিল,আমি সেই সব শহীদ সহ জাতীর পিতা বঙ্গবন্ধু

শেখ মুজিবর রহমানের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি।আজ বলতে দ্বিধা নেই আমি আপনাদেরই সন্তান,এখানে আমি দীর্ঘবছর টকিজ সিনেমা হল,শীলা সিনেমা হল,জনি সিনেমা হল পরিচালনা করেছি।

তখন আপনাদের সাথে আমার আত্বার সম্পর্ক ছিল,আমি আপনাদের মনের কথা আমি জানি,বর্তমান সরকার যাদের জমি নেই,ঘর নেই তাদের ঘর নির্মান করে দিচ্ছে,আপনারা যারা এই ক্যানেলে বসবাস করতেন তাদের তালিকা করে দেবেন,আমি সরকারের উচ্চ পর্যায়ে কথা বলে ঘর নির্মান করে দেবার ব্যাবস্থা করব।তবে আমি আপনাদের সন্তান হিসেবে আহবান করছি আপনারা আগামি ১৪ তারিখে নৌকা প্রতিকে ভোট দিয়ে জননেন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তি শালি করবেন।

,আপনারা সকলে নৌকা প্রতিকে ভোট দেবেন,কারন,জননেন্ত্রী নিশ্চয় ভেবে চিন্তেই গনু ভাইকে মনোনয়ন দিযেছেন।তাই আমি আপনাদের কাছে আহবান জানাব উন্নয়নের ধারা অব্যাহত রাখতে নৌকা প্রতিকে ভোট দিতে হবে।না হলে উন্নয়ন থেমে যাবে।

জেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক ইউপি চেয়ারম্যান এ্যাডঃ আব্দুল মালেক বলেন,আজ আমরা আপনাদের কাছে বঙ্গবন্ধু কন্যার দেওয়া নৌকা প্রতিকের পক্ষে ভোট চেতে এসেছি।আমরা বিশ্বাস করি মাননীয় প্রধান মন্ত্রী তার পিতার স্বপ্ন বাস্তবায়ন করবেন।তবে আপনাদের কাছে বলতে এসেছি আপনারা আগামী ১৪ তারিখে সকলে ঐক্য বদ্ধ ভাবে নৌকা প্রতিকে ভোট দিয়ে গনু ভাইকে বিজয়ি করবেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের তথ্য গবেষনা সম্পাদক কাউছার আহম্মদ বাবলু, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল,সাবেক ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ,জেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক জানিব,এ্যাডঃ শফিকুল ইসলাম ।

স্বেচ্ছা সেবক লীগের যুগ্ম আহবায়ক শরিফুল ইসলাম রিফাতের উপস্থাপনায় বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছা সেবক লীগের যুগ্ম আহবায়ক মতিয়ার রহমান মতি,চুয়াডাঙ্গা পৌর সভার ওয়ার্ড কাউন্সলর মফিজুর রহমান মফি,সদর থানা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা,আবু তাহের, সবুজ,জেলাস্বেচ্ছাসেবকলীগের সদস্য তরিকুলইসলাম টুকুল,নাজমুল,সাগর,নাইম,শুভ ইমরান,গাজী ইমদাদুুুল হক স্বজল,হিমু,আনিস,সাইফুুল,তৌফিক,আফ্রিদি,বিপ্লব,আলিফ,আসিফ,নিলয়,রাফি,জর্জ প্রমুখ।

কোভিড-১৯ প্রতিরোধে টিকা গ্রহণ করলেন এমপি টগর

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধের জন্য টিকা গ্রহণ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। গতকাল বুধবার সকাল সাড়ে ১১ টার সময় দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এই টিকা গ্রহণ করেন।

পর্যায়ক্রমে টিকা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দর্শনা কেরুজ চিনিকলের প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহাবুদ্দিন, শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, দামুড়হুদা মডেল থানার ওসি আব্দুল খালেক, ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করীম ইনু, দামুড়হুদা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি দীন মোহাম্মদ, সাংবাদিক সমিতির সাবেক সভাপতি জাহিদুর রহমান মুকুলসহ অনেকে।

টিকা গ্রহণ করার পর সকলেই সুস্থ ও স্বাভাবিক আছেন। কোন পার্শ্বপ্রতিক্রিয়া এখনো পর্যন্ত হয়নি এবং হবে না বলে আশাবাদী তারা। অন্যদেরও করোনা ভাইরাস প্রতিরোধে টিকা গ্রহণের জন্য উৎসাহিত করেন এমপি হাজী আলী আজগার টগর।

খাদ্য নিরাপত্তা নিশ্চত করতে ঝিনাইদহে গৃহিণী সমাবেশ

ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধ ও নিরাপদ খাদ্য ও পণ্য নিশ্চিতকরণে নারীদের ভূমিকা ও করণীয় বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহ জেলা শিল্পকলা একাডেমির হল রুমে এক গৃহিণী

সমাবেশের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ লেডিস ক্লাবের সভাপতি ও জেলা প্রশাসক মহোদয়ের স্ত্রী শ্যামলী রাণী নাথ। জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

অনুষ্ঠানে ভিডিও প্রদর্শনী ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে নিরাপদ খাদ্য, অনিরাপদ খাদ্য, ভেজাল খাদ্য এর পার্থক্য, খাদ্য নিরাপদ রাখতে করণীয় সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন ঝিনাইদহ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

অনুষ্ঠানে গৃহিণীদের সকল প্রশ্নের জবাব দেন জেলা প্রশাসক এবং সহকারী পরিচালক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ঝিনাইদহ নিরাপদ খাদ্য অফিসার মোঃ রাসেল হোসেন ও ক্যাবের শরিফা খাতুন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঝিনাইদহ জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সদস্য সুরাইয়া পারভীন মলি।

গাংনী পৌরসভার মেয়র আহাম্মেদ আলীসহ কাউন্সিলরদের দায়িত্ব গ্রহণ

মেহেরপুরের গাংনী পৌরসভার নির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকাল ৩:৩০ এ মেহেরপুর জেলার গাংনী পৌরসভার নব-নির্বাচিত মেয়রসহ কাউন্সিলরগণ দায়িত্ব গ্রহণ করেছেন।

অনুষ্ঠানে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানা অফিসার ইনচার্জ (তদন্ত) সাজেদুল ইসলাম, উপজেলা যুব লীগের সভাপতি মোশাররফ হোসেন, মেয়র পত্নী লতিফা হেলালী, গাংনী সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, বিশিষ্ট ব্যবসায়ী ফারুক হাসান, কাউন্সিলরগণসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা যুব লীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ। নবনির্বাচিত মেয়র আহাম্মদ আলী পৌরসভায় পৌঁছালে পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ফুলেল শুভেচ্ছা প্রদান করেন ।

স্বাগত বক্তব্য রাখেন গাংনী পৌরসভার সচিব পৌর প্রকৌশলী শামীম রেজা । পৌরসভার পক্ষ থেকে নুতন মেয়রকে দায়িত্ব হস্তান্তর করেন প্যানেল মেয়র ও সাবেক কাউন্সিলর মলিদা খাতুন। বক্তারা পৌরসভার উন্নয়নে নুতন মেয়রের সাথে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাসিব ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক।

এর আগে গতকাল গাংনী পৌরসভার নব-নির্বাচিত পৌর পরিষদ গতকাল সকালে টুঙ্গীপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে খুলনা বিভাগীয় কমিশনারের কাছে শপথ গ্রহণ করেন ।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে এমএ খালেক বলেন, আমরা পৌরসভার শাসক নয়, পৌরবাসীর সেবক। অনেক চ্যালেঞ্জ করে নৌকা প্রতীক প্রার্থীকে বিজয়ী করা হয়েছে। বর্তমান সরকারের উন্নয়ন ও নাগরিক সুবিধা পৌরবাসীকে পৌঁছে দেয়া হবে। পাঁচ বছরের ভোগান্তি থেকে রেহায় পেতে পৌরবাসী তৃতীয়বারের মত আহাম্মেদ আলীকে নির্বাচিত করেছেন। তাকে শিখানোর কিছু নেই তিনি তার কর্মদক্ষতা দিয়ে পৌরপরিষদ পরিচালনা করবেন।

দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠানে মেয়র আহাম্মেদ আলী বলেন, বিগত পাঁচ বছরের সকল অনিয়ম দুর্নীতি ক্ষতিয়ে দেখা হবে। অনিয়ম ও দুর্নীতির সাথে জড়িতরা যত শক্তিশালীই হোক না তাদের বিচারের আওতায় আনা হবে । তাতে যদি পৌর কর্মকর্তা বা কর্মচারী হোক না কেনো তাকেও শাস্তি পেতে হবে। পাঁচ বছরে পৌরসভা একটি অসহায় ও একপেশি পৌরসভা হিসেবে গড়ে তুলেছিল বিদায়ী মেয়র।

তিনি আরো বলেন, এবারের নির্বাচনে অনেক বিশ্বাস ঘাতককে চিনে

নিয়েছি। কারা প্রকৃত আওয়ামী লীগ তাদের মানুষ চিনতে পেরেছে, আওয়ামী লীগের নেতৃবৃন্দরা। বিশ্বাস ঘাতকদেরও গাংনীর আওয়ামী লীগ থেকে বিতাড়িত করা হবে। সর্বশেষে নির্যাতিত পৌর কর্মচারীদের বিষয়ে সুবিবেচনা করারও প্রত্যয় ব্যাক্ত করেন নব্য যোগদানকারী মেয়র আহাম্মেদ আলী।

উল্লেখ্যঃ গত ১৬ জানুয়ারী ২০২১ ইং তারিখে অনুষ্ঠিত ২য় ধাপের নির্বাচনে গাংনী পৌরসভায় সাবেক মেয়র আহাম্মেদ আলী সরকার দলীয় মনোনয়ন প্রাপ্ত হয়ে নৌকা প্রতীক নিয়ে ৯৪৬০ ভোটে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ¦◌ী স্বতন্ত্র প্রার্থী (জগ প্রতীক) আশরাফুল ইসলাম পেয়েছিলেন ২৬৫১ ভোট।

ঝিনাইদহে সাইবার ক্রাইম প্রতিরোধে কারিগরি দক্ষতা ও সচেতনতা বিষয়ক সেমিনার

ঝিনাইদহে সাইবার ক্রাইম প্রতিরোধে কারিগরি দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুরে সদর উপজেলা মিলনায়তনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় ১০ দিন ব্যাপী শুরু হওয়া এ সেমিনারের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, উপজেলা শিক্ষা অফিসার এম এ আরিফ সরকার, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকুসহ অন্যান্যরা।

সেমিনারে প্রশিক্ষণ প্রদান করেন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষক ফরিদ হোসেন। অনুষ্ঠানে সদর উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটি বিভাগের ৩০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।